গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
(শিক্ষা শাখা)
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০২.০১.০০২.২২-২৬৭ তারিখঃ ২৬ /০৪/২০২২ খ্রি:

**বিষয়ঃ** ২০২১-২২ শিক্ষাবর্ষে ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং, ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং ও ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক মিডওয়াইফারি কোর্সে শিক্ষার্থী ভর্তি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং, ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং ও ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক মিডওয়াইফারি কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির নিমিত্ত ১৫ এপ্রিল ২০২২ খ্রি: তারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার ফলাফল ইতোমধ্যে প্রকাশিত হয়েছে। উক্ত ভর্তি পরীক্ষার ফলাফল অনুযায়ী নির্বাচিত প্রার্থীগণ নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করে স্থানীয় কর্তৃপক্ষের অনুমতি নিয়ে আগামী ১০ মে ২০২২ হতে ১৯ মে ২০২২ খ্রি: তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হবেন।

**শর্তাবলী:**

ক. ভর্তির হওয়ার পর শিক্ষার্থীগণ নিজ নিজ মূল কর্মস্থলে ফেরত যাবেন এবং সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী ক্লাস শুরুর তারিখ (০১ জুলাই ২০২২ খ্রি:) হতে পরবর্তী দুই বছরের জন্য সংযুক্তি আদেশ প্রদান করা হবে।

খ. সরকারি প্রতিষ্ঠানে কর্মরত যে সকল নার্সিং সুপারভাইজার/ সিনিয়র স্টাফ নার্স/ স্টাফ নার্স/ নার্সগণ ভর্তি জন্য নির্বাচিত হয়েছেন তারা ০২ বছরের সরকারি চাকরির অভিজ্ঞতার সনদ ভর্তিকালীন সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর জমা দিবেন। ভর্তি বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক ০২/০৪/২০২২ খ্রি: তারিখে যাদের সরকারি চাকরির মেয়াদ ০২ বছর পূর্ণ হয়নি তারা এবং বেসরকারি কোটার প্রার্থী সরকারি কোটায় নির্বাচিত হলে তিনি ভর্তির জন্য অযোগ্য হিসেবে বিবেচিত হবেন।

গ. নির্বাচিত প্রার্থীগণ মিথ্যা ও ভুল তথ্য প্রদানের মাধ্যমে ভর্তি হলে উক্ত ভর্তি বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঘ. সরকারি প্রতিষ্ঠানে কর্মরত নির্বাচিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিত সরকারি/ বেসরকারি নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবেন না।

ঙ. প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হলে ভর্তিযোগ্য বলে বিবেচিত হবেন।

চ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক মিডওয়াইফারি কোর্স কেবলমাত্র নারী মিডওয়াইফদের জন্য সংরক্ষিত থাকবে।

ছ. বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল হতে প্রার্থীর প্রাপ্ত রেজিস্ট্রেশন হালনাগাদ থাকতে হবে।

জ. যদি কোন শিক্ষার্থী কর্তৃপক্ষের বিনানুমতিতে একাধারে তিন মাসের অধিক সময় কোর্সে অনুপস্থিত থাকেন তাহলে তার ভর্তি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

ঝ. ভর্তির তারিখ হতে দুই মাসের মধ্যে সংযুক্তি আদেশ বাতিল করত: মূল কর্মস্থলে ফেরৎ যাওয়ার আবেদন করতে পারবেন। এর পরে কোর্স ত্যাগের আর সুযোগ থাকবেনা।

ঞ. সরকারি নার্সিং কলেজেসমূহে পোস্ট বেসিক কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীগণ ২২ মে ২০২২ হতে ২৬ মে ২০২২ খ্রি: পর্যন্ত স্ব স্ব কলেজের অধ্যক্ষ এর মাধ্যমে মাইগ্রেশনের জন্য আবেদন করতে পারবেন। আসন শূন্য থাকা সাপেক্ষে মেধাক্রমানুযায়ী মাইগ্রেশন সম্পন্ন করা হবে।

ট. ছাত্রদের নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে আবাসন সংকুলান না হলে ছাত্রীদেরকেও নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে।

ঠ. কোর্সে অধ্যয়নকালীন সংশ্লিষ্ট নার্সিং কলেজ, সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় এবং নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের বিধি বিধান মেনে চলতে হবে।

২। এমতাবস্থায়, ভর্তির জন্য নির্ধারিত তারিখ ও সময়ের পর সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষগণ ভর্তিকৃত শিক্ষার্থীগণের নাম, ইউনিক আইডি, পিতার নাম ও কর্মস্থল উল্লেখ পূর্বক ২২ মে ২০২২ খ্রি: তারিখের মধ্যে আবশ্যিকভাবে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে তালিকা প্রেরণ করবেন।

26/04/2022
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

নং-৪৫.০৩.০০০০.০০২.০১.০০২.২২- ২৬৭/১(৩৩)　　　　　　　　　　　　　　　　　　　　　　　　তারিখঃ ২৬,০৪/২০২২ খ্রি:

**অনুলিপি:** সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৫। যুগ্মসচিব (নার্সিং অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৬। উপসচিব (চিকিৎসা শিক্ষা-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৭। উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৮। পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৯। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল/ বিশেষায়িত হাসপাতাল (সকল)।
১০ পরিচালক (প্রশাসন/ শিক্ষা/ অর্থ ও বাজেট), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১১। ডিন, ফ্যাকাল্টি অব নার্সিং, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা/ ফ্যাকাল্টি অব আন্ডার গ্রাজুয়েট মেডিসিন, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম/ ফ্যাকাল্টি অব নার্সিং, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়, রাজশাহী/ ফ্যাকাল্টি অব নার্সিং, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা।
১২। সিভিল সার্জন (সকল)।
১৩। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল/ আধুনিক সদর হাসপাতাল/ জেলা সদর হাসপাতাল/ অন্যান্য হাসপাতাল (সকল)।
১৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (সকল)।
১৫। অধ্যক্ষ, কলেজ অব নার্সিং, মহাখালী, ঢাকা/ ফৌজদারহাট নার্সিং কলেজ, চট্টগ্রাম/ বগুড়া নার্সিং কলেজ, বগুড়া/ খুলনা নার্সিং কলেজ, খুলনা / সৈয়দা জোহরা তাজউদ্দিন নার্সিং কলেজ, কাপাসিয়া, গাজীপুর/ রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহী/ ময়মনসিংহ নার্সিং কলেজ, ময়মনসিংহ/ রংপুর নার্সিং কলেজ, রংপুর/ সিলেট নার্সিং কলেজ, সিলেট/ বরিশাল নার্সিং কলেজ, বরিশাল।
১৬। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ঢাকা।
১৭। সেবা তত্ত্বাবধায়ক, মেডিকেল কলেজ হাসপাতাল/ বিশেষায়িত হাসপাতাল / ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল/ আধুনিক সদর হাসপাতাল/ জেলা সদর হাসপাতাল/ অন্যান্য হাসপাতাল (সকল)।
১৮। সহকারি পরিচালক (সেবা), বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়, ------------------ বিভাগ (সকল)।
১৯। সহকারি পরিচালক (পিএমআইএস) এ অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অত্র অধিদপ্তর, ঢাকা।

26/8/22

পরিচালক (শিক্ষা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা